


নতুন মহামারী ডেকে আনতে পারে বার্ড ফ্লু, সতর্কবার্তা

- A Monitor Desk Report

Date: 25 March, 2025



ঢাকাঃ বিশ্বজুড়ে ফের মহামারী সৃষ্টি করতে পারে এমন ভাইরাসের তালিকায় শীর্ষে রয়েছে বার্ড ফ্লু। এ বিষয়ে সতর্ক করেছেন বিজ্ঞানীরা।

স্তন্যপায়ী প্রাণীর কোষে যদি এই ভাইরাস সংক্রমিত হয় তাহলে তা বিশ্ববাসীর স্বাস্থ্যের জন্য ভয়াবহ ঝুঁকি তৈরি করতে পারে বলে মনে করেন তারা।

সংবাদমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে, বিশ্বের কোথাও প্রথম একটি ভেড়ার মধ্যে এই ভাইরাস সংক্রমিত হওয়ার পর উত্তর লন্ডনের ইয়র্কশায়ারে এই সংক্রমণের ঘটনা ঘটেছে বলে জানা গেছে। এই খবর বিশ্ববাসীর জন্য মহাবিপদ ঘণ্টা বলে মনে করছেন বিশেষজ্ঞরা।

এছাড়া মার্কিন দুগ্ধজাত গবাদি পশুতেও এইচ৫এন১ ভাইরাসের সংক্রমণ পাওয়া গেছে। গত ডিসেম্বরে সংবাদমাধ্যমের এক প্রতিবেদনে ঘোড়াতে এই ভাইরাসের সংক্রমণের ইতিহাস থাকতে পারে বলে উল্লেখ করা হয়েছিল।

এই ভাইরাসটি মূলত স্পিল-ওভার সংক্রমণ, যার সঙ্গে পাখির জাম্পিং প্রজাতিগুলোর মিল রয়েছে। বিশেষজ্ঞরা বলছেন, যদি বিশেষ এই ভাইরাসটি স্তন্যপায়ী কোষের সঙ্গে খাপ খেয়ে যায় তাহলে বিশ্ববাসীর জন্য তা হবে বেশ উদ্বেগের বিষয়।

-B